

|  |   |
|--|---|
| <p><b>জাতীয় বিশ্ববিদ্যালয়ের</b><br/><b>১২০ কোটি ৩৬ লাখ</b><br/><b>টাকার বাজেট</b></p>  | <p><b>বাজেট : জাতীয়</b><br/>(শেষ পৃষ্ঠার পর)</p>   |
| <p><b>যাযাদি রিপোর্ট</b><br/>জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ অর্থবছরের জন্য ১২০ কোটি ৩৬ লাখ ৮৮ হাজার টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। বাজেটে শিক্ষা গবেষণা, বিজ্ঞান চর্চা, মৌলিকগত প্রকাশনা, বিদেশি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একাডেমিক অভিজ্ঞতা বিনিময় কর্মসূচি, বিশিষ্টজ্ঞানের নামে একাডেমিক চেয়ার প্রতিষ্ঠা, দেশের ছয় বিভাগে আঞ্চলিক কেন্দ্র স্থাপনের জন্য বিশেষ বরাদ্দ রাখা হয়েছে। শনিবার সন্ধ্যায় রাজধানীর ধানমন্ডিতে বিশ্ববিদ্যালয়ের সিনিয়র অফিসে সিন্ডিকেটের ১২৭তম সভায় কোষাধ্যক্ষ অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বাজেট উপস্থাপন করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. কাজী শহীদুল্লাহর সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. জোফায়েল আহমদ চৌধুরী এবং শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীসহ সিন্ডিকেট সদস্যরা।<br/>বাজেটে বাজেট : পৃষ্ঠা ১৫ কলাম ৬</p> | <p>বিশ্ববিদ্যালয়ের কোনো কোর্সের ফিস বৃদ্ধি করা হয়নি। ২০১২-১৩ অর্থবছরের বাজেটে অধিভুক্ত কলেজগুলোতে আইনিটি অবকাঠামো উন্নয়ন, কম্পিউটার, বইপত্র ও সোলার প্যানেল সরবরাহ, শিক্ষার্থীদের জন্য স্টলারশিপ এবং মেধাবৃদ্ধি চানু, পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কলেজকে পুরস্কার প্রদান ও বিশ্ববিদ্যালয়ের বুলেটিন প্রকাশের কথা বলা হয়েছে।<br/>বাজেট বক্তব্যে অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ মর্যাদার উল্লেখ করে তার নামে পৃথক বিশেষ গবেষণা কার্যক্রম পরিচালনার কথা বলেছেন। তিনি মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী ডাজউদ্দীন আহমেদ, বঙ্গবন্ধুর নির্দেশে গঠিত শিক্ষা কমিশনের সুপারিশের ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা, তার প্রধান ড. কুদরাত-ই-খুদা, জাযাবীদ ড. মুহম্মদ শহীদুল্লাহ এবং পাকিস্তান গণপরিষদে বাংলা ভাষার যুগ্মে বক্তব্য উপস্থাপনকারী, মুক্তিযুদ্ধকালীন পাক হানাদার বাহিনীর হাতে নৃশংসভাবে নিহত ধীরেন্দ্রনাথ দত্তের নামে একাডেমিক চেয়ার প্রতিষ্ঠারও প্রস্তাব করেন।</p> |